BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
" Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: সার্কুলার নং- বিজিএ/স্বাস্থ্য/২০২১/120 ২৬ জুলাই ২০২১

# সম্মানিত সদস্যগণের জন্য

প্রিয় মহোদয়,

আস্‌সালামু আলাইকুম।

সিভিল সার্জনের কার্যালয়, গাজীপুর হতে গার্মেন্টস শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের কোভিড-১৯ টিকাদান প্রসঙ্গে বিজিএমইএ বরাবর একটি পত্র প্রেরণ করা হয়েছে (স্মারক নং- সি,এস,গাজী/প্রশা-১/২০২১/১০৩৭ তারিখ: ১৯/০৭/২০২১)। পত্রটিতে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য এতদ্বসঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহা-সচিব

০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
গাজীপুর।

স্মারক নং-সি,এস,গাজী/প্রশা-১/২০২১/ ১০৫৭ তারিখঃ- ২৭/০৭/২০২১খ্রিঃ।

বরাবর,

সেক্রেটারি জেনারেল,
বিজিএমইএ,ঢাকা।

বিষয়ঃ- গার্মেন্টসে কোভিড-১৯ টিকাদান প্রসংগে।

উপরোক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনার নিয়ন্ত্রনাধীন যে সমস্ত প্রতিষ্ঠানে কোভিড-১৯ টিকা দেয়া হবে সে সমস্ত প্রতিষ্ঠানে টিকাদান কার্যক্রমের নিম্নলিখিত দায়িত্বগুলো উক্ত প্রতিষ্ঠানকে সুষ্ঠরূপে পালন করতে হবে।

১। প্রতিষ্ঠান সমূহকে স্থানীয়ভাবে নিজস্ব ব্যবস্থাপনায় টিকাদান কেন্দ্রের দায়িত্ব পালন করতে হবে।
২। টিকাদানের পূর্বে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার কমিটির সদস্যদেরকে সিভিল সার্জন অফিস,গাজীপুর থেকে ট্রেনিং প্রদান করা হবে। প্রশিক্ষণ গ্রহন নিশ্চিত করতে হবে।
৩। ২০০ কর্মীর জন্য ১জন ভ্যাকসিনেটর নিয়োগ করতে হবে।(ভ্যাকসিনেটরদেরকে ট্রেনিং সরকার কর্তৃক দেয়া হবে।)
৪। এইএফআই টিম গঠন করতে হবে (এইএফআই টিমের সদস্যদেরকে ট্রেনিং সরকার কর্তৃক প্রদান করা হবে।)
৫। নিজস্ব ভেনু এবং নিজস্ব এ্যাম্বুলেন্স থাকতে হবে। (ভেনু সিভিল সার্জন কর্তৃক পূর্ব অনুমোদিত হতে হবে।)
৬। এইএফআই ম্যানেজমেন্টের জন্য আপনাদের মনোনিত এবং সিভিল সার্জন কর্তৃক পূর্ব অনুমোদিত নিকটবর্তী ১টি ক্লিনিকের ব্যবস্থা থাকতে হবে।
৭। এনআইডি কার্ড ছাড়া ঠিকাদান সম্ভব হবে না।
৮। দ্বীতিয় ডোজের পূর্বেই রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
৯। এক্সেল সিট এ নিম্নস্বাক্ষরকারীর কাছে টিকাগ্রহনকারীর সমস্ত তথ্য প্রদান করতে হবে।
১০।টিকাগ্রহন কারীর কোন সমস্যা হলে তা অবশ্যই নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে।

যে সমস্ত গার্মেন্টস উপরে উল্লেখিত শর্তসমূহ পালন করে কোভিড-১৯ টিকা দিতে সম্মত হবেন তাদেরকে তাদের গার্মেন্টসের সমস্ত কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য সংযুক্ত ফর্ম অনুযায়ী পূরন করে এবং উল্লেখিত শর্তসমূহ পালনের কাগজপত্র জমা দেয়া সাপেক্ষে সরকার কর্তৃক কোভিড-১৯ টিকাদান কর্মসূচী গ্রহন করতে পারবেন। তারিখ সিভিল সার্জন অফিস কর্তৃক নির্ধারন করা হবে। বিষয়টি সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান সমূহকে অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ - এই পত্র প্রাপ্তির পর থেকে সিভিল সার্জন কার্যালয়,গাজীপুর এর পূর্বের মেইল (gazipur@cs.dghs.gov.bd) এর পরিবর্তে নতুন মেইল (gazipurcsoffice@gmail.com) ঠিকানায় চাহিত তথ্যাদি পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

(ডাঃ মোঃ খায়রুজ্জামান)
(কোড নং-৪৩৭৩২)
সিভিল সার্জন,গাজীপুর।

স্মারকনং-সি,এস,গাজী/প্রশা-১/২০২১/- তারিখঃ- /০৭/২০২১খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো।(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

১। মেয়র,গাজীপুর সিটি কর্পোরেশন,গাজীপুর।
২। মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন),স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। অতিরিক্ত মহাপরিচালক(পরিকল্পনা ও উন্নয়ন),স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। লাইন ডাইরেক্টর,এমএনসিএন্ডএএইচ,স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা।
৬। পরিচালক(হাসপাতাল ও ক্লিনিক),স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। পরিচালক(এমআইএস),স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। পরিচালক(স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
৯। প্রোগ্রাম ম্যানেজার,ইপিআই, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০। জেলা প্রশাসক, গাজীপুর।
১১। কমিশনার, গাজীপুর মেট্রপলিটন পুলিশ, গাজীপুর।
১২। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,(সকল) গাজীপুর।
১৩। অফিস নথি।

সিভিল সার্জন,
গাজীপুর।